R. N. No. 2532/57

Phone No. RGG.112

Regd No.—WB/MSD—4

ফ্রান্স-এর সহযোগিতায় তৈরী
সারদা বাইরন-এর
হোমিও ঔষধ পাওয়া যায়
কেয়ার এণ্ড কিওর হোমিও
সেণ্টার
গাড়ীঘাট
রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

বিবাহ উৎসবে
ভি, ডি ও ক্যাসেট স্যুটিং
এর জন্য যোগাযোগ করুন—
ষ্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ

৭৫শ বর্ষ
৪৯শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ২৭শে বৈশাখ বুধবার, ১৩৯৬ সাল।
১০ই মে, ১৯৮৯ সাল।

নগদ মূল্য : ৪০ পয়সা
বার্ষিক ২০৲

## মহকুমা শহর লাগোয়া গ্রামে বোমাবাজী লুঠতরাজ

জঙ্গিপুর : গত ৮ মে থেকে দু'দিন ধরে খেজুরতলা গ্রামে দু'দল দুষ্কৃতকারীর মধ্যে ক্রমাগত বোমাবাজী চলে। ফলে অবস্থা এমন ভয়াবহ যে ঐ অঞ্চলের মানুষের রাতের ঘুম চলে গেছে। খেজুরতলার গ্রামটি মহকুমা শাসকের দপ্তর থেকে মাত্র কয়েক ফার্লং দূরে অবস্থিত। মহকুমা শাসক, মহকুমা পুলিশ প্রশাসক ও সি আই অফ পুলিশের কোয়ার্টার থেকে বোমার আওয়াজ শোনা গেলেও এই সংঘর্ষ থামাতে তাঁরা কোন ব্যবস্থা নিয়েছেন বলে জানা যায়নি। খবরে প্রকাশ, কুখ্যাত খেজুরতলা ঘাট দিয়ে যে দলটি ওপার বাংলা থেকে মাল আমদানী রপ্তানী করত তাদের মধ্যে সম্প্রতি মতবিরোধ ঘটে এবং দলটি দুটি গোষ্ঠীতে ভাগ হয়ে যায়। দলছুট গোষ্ঠী অপর গোষ্ঠীর একটি বেআইনী মাল ভর্ত্তি ট্রাক পুলিশকে ধরিয়েও দেয়। গ্রামবাসীদের অভিযোগ, তারই বদলা নিতে অপর গোষ্ঠী এদের উপর চড়াও হয় ও উভয় পক্ষে বোমা বৃষ্টি শুরু হয়। অন্যদিকে বিভিন্ন রাজনৈতিক নেতা এবং রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরের অন্ধকার জগতের প্রভাবশালী ব্যক্তিরা এক একটি গোষ্ঠীর সমর্থনে এগিয়ে আসায় অবস্থা আরো ঘোরালো হয়ে উঠেছে। ইতিমধ্যে খেজুরতলার দুটি বাড়ি লুটপাট এবং সম্পূর্ণ বিধ্বস্ত করা হয়েছে। অবস্থা দেখে এ অঞ্চলে প্রশাসন বলে কিছু আছে বলে মনে হয় না। এই ঘটনার পরিপ্রেক্ষিতে পুলিশের জনৈক মুখপাত্র জানান, খেজুরতলা ঘাটে চোরাচালান বন্ধ হয়ে যাওয়ায় এই অবস্থার সৃষ্টি হয়েছে। যেহেতু খেজুরতলা ঘাটের (শেষ পৃষ্ঠায়)

## সি পি এম সাত জোটের বিরুদ্ধে সোচ্চার

ধুলিয়ান : গত ২৩ এপ্রিল স্থানীয় জৈন কলোনীর মোড়ে সি পি এমের পক্ষ থেকে আর এস পি, ফরওয়ার্ড ব্লক, এস ইউ সি, কংগ্রেস, বি জে পি ও মুসলিম লীগ এই সাত জোটের বিরুদ্ধে এক বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে সি পি এম এই জোটের সমালোচনা করে তাকে সুবিধাবাদী আঁতাত বলে বর্ণনা করেন। সি পি এম নেতারা একবাক্যে বলেন এই আঁতাত চোর, গুণ্ডা, মাতাল, লম্পট ও সমাজবিরোধীদের আঁতাত। স্থানীয় সি পি এম নেতা চিত্ত সরকার পুলিশী আচরণের তীব্র সমালোচনা করেন। তিনি বলেন জঙ্গিপুরের সি আই অফ পুলিশ পুরপ্রধান সত্য গুপ্ত, তামিজ পণ্ডিত ও তাঁর বিরুদ্ধে চক্রান্ত তৈরী করে চলেছেন। চিত্তবাবু তীব্র আক্রমণ করে বলেন—সি আই যেন মনে রাখেন এই অবস্থা চলতে থাকলে তাঁর বিরুদ্ধে তীব্র আন্দোলন গড়ে তোলা হবে এবং তাঁকে মহকুমা থেকে বিদায় নিতে বাধ্য করা হবে। অন্যদিকে সাত পার্টি জোটের মতে ধুলিয়ানে চিত্ত সরকারের মতো নেতারা ক্ষমতার দম্ভে ধরাকে সরা জ্ঞান করছেন। এবং পুরসভার বাগমারী থেকে ১৪ নং ওয়ার্ড পর্যন্ত বাঁধ নির্মাণের জন্য পাওয়া এক কোটি টাকা নয়ছয় করে নিজেদের অবস্থা ফিরিয়ে নিয়েছেন ও সমাজবিরোধী ক্যাডার বাহিনী পুষছেন। তারাপুর কোম্পানীর সঙ্গে স্বাক্ষরিত চুক্তিকে বুড়ো আঙুল দেখিয়ে কেবলমাত্র নিজেদের লোককে চাকরী ও কনট্রাকটারী পাইয়ে দিয়ে স্বজনপোষণ ও দুর্নীতির বান ডাকিয়ে দিয়েছেন। পুর বোর্ডের কাজ কর্মেও স্থানীয় মানুষ অসন্তুষ্ট। জোটের মতে ধুলিয়ান পুর বোর্ড (শেষ পৃষ্ঠায়)

## ভাঙ্গন প্রতিরোধের কাজে অশান্তি

জঙ্গিপুর : রঘুনাথগঞ্জ ২নং ব্লকের মিঠিপুর গ্রামে পদ্মা নদীর ভাঙ্গন প্রতিরোধে যে কাজ চলছে তাতে কিছুদিন থেকে বিভিন্ন কারণে বিঘ্ন ঘটছে। খোঁজ নিয়ে জানা যায়, নভেম্বর মাস থেকে শুরু হওয়া ১৮০ মিটার এলাকার কাজ শেষ হতে চলেছে। অন্যদিকে নতুন করে ৬০ মিটার পার বাঁধানোর কাজ আরম্ভ হয়েছে। কর্তৃপক্ষ বর্ষার আগে এই কাজ শেষ করার জন্য ঠিকাদারকে নির্দেশ দিলেও শ্রমিকরা বিভিন্ন দাবিদাওয়ার ভিত্তিতে মাঝে মাঝে কাজ বন্ধ করে দিচ্ছেন। ফলে কাজের স্বাভাবিক গতি পিছিয়ে পড়েছে। এর ফলে বর্ষার আগে কাজ সম্পূর্ণ হবে না বলে আশঙ্কা করা হচ্ছে। ভাঙ্গন এলাকার কিছু লোক ঠিকাদারকে ভীতি প্রদর্শন করে চাপ দিয়ে অন্যায়ভাবে কিছু উপরি রোজগার করতে চাইছেন বলে খবর। তারা গ্রুপ (শেষ পৃষ্ঠায়)

## বিদ্যুৎস্পৃষ্ট হয়ে বালকের মৃত্যু

সাগরদীঘি : গত ১০ মে সাগরদীঘি রেল ষ্টেশনে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে এসবাস সেখের ছেলে আবুল (১০) মারা যায়। খবরে প্রকাশ, বালকটি সকালের দিকে রেল প্লাটফর্মের লোহার রেলিং এর ফাঁক দিয়ে রাস্তায় নামতে গেলে বিদ্যুৎ স্পৃষ্ট হয় ও সেখানেই তার মৃত্যু ঘটে। ঘটনার আকস্মিকতায় আশেপাশের লোকজন ভীতসন্ত্রস্ত হয়। কারণ অনুসন্ধান করতে গিয়ে দেখা যায় বেআইনী বিদ্যুৎ সংযোগের তার থেকে রেলিংগুলিতে বিদ্যুৎ প্রবাহ চালু হয়। রেলিং এর ধারে ষ্টেশন রাস্তা বেদখল করে বেশ কয়েকটি চপে নানা জাতীয় দোকান চলছে বছর দুই ধরে। এই দোকান ঘরগুলিতে (শেষ পৃষ্ঠায়)

পুনরায় জনতা চা : প্রতি কেজি ২৫-০০ টাকা
চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্বোভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

২৭শে বৈশাখ বুধবার ১৩৯৬ সাল

## কবি প্রণাম

প্রতিটি ২৫শে বৈশাখেই কবিগুরুর জন্ম দিবস ফিরিয়া আসে। এবারও আসিয়াছে ১২৮তম জন্ম দিবসটি। প্রতিটি ২৫শে বৈশাখই আমাদের সম্মুখে একটি বিশেষ সত্য শপথের ক্ষণটি লইয়া আসে, যাহার মর্মার্থঃ যাঁহারা জীবনের জয়গানের কবি, রবীন্দ্রনাথের অ সন তাঁহাদেরই দলে। বিশ্বকবির সেই জয়গান হইতেছে একালের ভারতীয় জীবনের জয়-গান। একথা যথার্থ যে (তিনি) একালের ভারতীয় জীবনের যত দুঃখ, যত সঙ্কট—সে সবের কিছুই তাঁহার দৃষ্টি ও অনুভূতির প্রহরা এড়াইয়া যায় নাই। এ সম্পর্কে কোন সত্যকেই, তাহা যতই অপ্রিয় হউক, তিনি উপেক্ষা করেন নাই। তাঁহার বাণী ছিল আলোর মত উজ্জ্বল, তাঁহার বাণী ঝলকিয়া উঠিয়াছে তীক্ষ্ণ অস্ত্রের মত: 'যেন রসনায় মম/সত্য বাক্য ঝলি' উঠে খর খড়্গসম....।'

সুতরাং প্রতিটি ২৫শে বৈশাখ আমাদের সম্মুখে সেই বিশেষ শপথের ক্ষণটি লইয়া আসে। আমাদের ঘরে ফিরিবার ডাক দিয়া যায়। আমরা নিজেদের নূতন করিয়া জানিবার প্রচেষ্টা চালাই। কিন্তু তবুও কি আমাদের আপনার জনকে আপন করিয়া পাই? আসলে কবির প্রতিকৃতিকে ধূপ-দীপ-পুষ্পাভরণে সজ্জিত করি। মাঝখান হইতে হারাইয়া যায় আসল রবীন্দ্রনাথ। রবীন্দ্র-জন্ম দিবসে প্রতিটি শিক্ষিত মানুষের এক বিশেষ দায়িত্ব রহিয়াছে, শুধুমাত্র ফুল, মালা ও সঙ্গীতের আনন্দ উৎসবের মাধ্যমে রবীন্দ্র জয়ন্তী পালন না করিয়া রবীন্দ্রনাথের বাণী, আদর্শ ও সাহিত্যকে আপামর জনসাধারণের মধ্যে প্রচারের সমস্ত দায় বহন করিতে হইবে তাঁহাদের। তবেই আসবে ২৫শে বৈশাখের সার্থকতা।

## আমাদের প্রাত্যাহিক জীবনে রবীন্দ্রনাথ

সাধন দাস

রবীন্দ্রনাথ!! কোনো এক ব্যক্তি বিশেষের নাম নয়—একটি স্বতন্ত্র সঙ্গোপন বিশ্বের নাম, যেখানে সমাহিত হয়ে আছে এক আকাশ শান্তির সুধা। জীবনের সুদীর্ঘ পথে শোকে-শান্তিতে, উৎসবে-উৎসাহে, দুঃখে-বিষাদে এক আশ্চর্য সঙ্গী রবীন্দ্রনাথ। বর্তমান বিশ্বের দৈনন্দিন গ্লানি যখন ক্লেদাক্ত করে আমাদের মন, পারিপার্শ্বিক নিষ্ঠুরতা বিভীষিকার মতো যখন ছুটে আসে আমাদের অন্তরতম সত্তাটিকে গ্রাস করতে, তখন রবীন্দ্রনাথের সুর ও বাণীর নিভৃত ছায়ায় আমরা চুপি চুপি গিয়ে দাঁড়াই এই বিশ্বাস নিয়ে যে বিশ্বের ব্যাপকতম কোন অশান্তি আর আমাদের ছুঁতে পারবে না। আজকের এই বিশৃঙ্খল বিশ্বে রবীন্দ্রনাথ যে আমাদের কতো বড়ো আশ্রয়, কতোখানি নির্ভরতা, তা বলে বোঝানো যায় না। তাঁর সুরের মধুছন্দে আমাদের এই প্রত্যহকার চেনা জগৎ অচেনা সৌন্দর্যলোকের আলোয় উদ্ভাসিত হয়ে ওঠে। তমাল মেঘের ছায়ামাখা আষাঢ় সন্ধ্যায় যখন বেজে ওঠে—'আমার দিন ফুরালো ব্যাকুল বাদল সাঁঝে/গহন মেঘের নিবিড় ধারার মাঝে, তখন আশ্চর্য হয়ে ভাবি, এমন করে তো বর্ষাকে কোনোদিন ভাবতে পারিনি। এত বেদনা, এত আনন্দ—যা এতদিন প্রকাশের পথ পায়নি, তাকে এমন করে সুরের মায়ায় জাগিয়ে দিলো কে? বর্ষা হয়ে উঠলো শ্যামল সুন্দর, আষাঢ়ের সজল সমীরণে যেন বিস্মৃতির দুস্তর পারাবার পেরিয়ে ভেসে এল মালবিকার করুণ চাহনি, ভুলে-যাওয়া অতীতের অন্ধকারে রেবা নদীর তীরে শ্যামল শৈল শিখরে যে প্রথম বরিষণ নেমে-ছিল, তার ছন্দ যেন চেতনার উপকূলে আপন মনে কখন বেজে ওঠে! শীতের শেষে যদি একবারও না শুনি—'ওরে গৃহবাসী খোল দ্বার খোল, লাগলো যে দোল' তাহলে বসন্ত যেন থমকে দাঁড়ায়।

শুধু আনন্দ-উৎসবে নয়, শোকে-দুঃখেও তিনি আমাদের পরম সান্ত্বনা। মৃত্যুশোক যখন আমাদের আচ্ছন্ন করে, তখন গীতার বাণীর চেয়েও বেশি শান্তি দেয় রবীন্দ্রসঙ্গীত—'আছে দুঃখ, আছে মৃত্যু বিরহ দহন লাগে/তবুও শান্তি তবু আনন্দ তবু অনন্ত জাগে।' উপ-নিষদের সাগর মন্থন করেই যে উঠে এসেছে এই গানের অমৃত!

কিন্তু এত দিয়েও রবীন্দ্রনাথ আমাদের 'এক-ঘরে' করে দিয়েছেন. কেন না, আমরা যারা একমাত্র রবীন্দ্রনাথেরই জন্য এ সংসারে বেঁচে থাকার প্রেরণা পাই, তারা সংখ্যায় ক'জন? এই বিরাট জনসংখ্যার কাছে কয়েকজন হাতে গোণা মানুষ আজ আমাদের দলে। চটুল হিন্দীপ্রেমী সংখ্যাগরিষ্ঠ বাঙালীরা আমাদের বুঝতে পারে না আর আমরাও তাদের কোনও ভাবে বোঝাতে পারি না—'শোনো, এই পৃথিবীতে সারাটি জীবন তোমরা কাটিয়ে যাবে অথচ বুঝতে পারলে না কোন্ অমৃত থেকে তোমরা বঞ্চিত হয়ে চলে যাচ্ছো।' এ যেন 'দুজনে কেহ কারে বুঝিতে নাহি পারে, বোঝাতে নারে আপনায়।'

তাই মৈত্রেয়ী দেবী দুঃখ করে বলেছেন—"আমাদের মনটাকে এমন করে তৈরী করলো কে? কোনো কোনো লোকের যে অনেকের সঙ্গে জাতি ভেদ হয়ে গেল. এর জন্য দায়ী কে? রবীন্দ্রনাথ ঠাকুর আবার কে? আমরা যারা তাঁর গানের ভিতর দিয়ে জগৎটা দেখছি, আর যারা তা দেখেনি, এদের জগৎ পৃথক হয়ে গেছে. তাতে কোনো সন্দেহ নেই। এই দুই জগতের চলার ছন্দ মেলে না!

এটুকুর জন্য আমরা বড় বেদনা বোধ করি। যেন আমরা ক'জন সকলের মধ্যে থেকেও আলাদা একটা নির্জন দ্বীপে পরবাসী হয়ে আছি।

কিন্তু এত হতাশ হয়ে পড়লে চলবে না। জাতির নৈতিক আদর্শ অধ্যাত্মভাবনায় মান নির্বিকল্প শান্তির স্তরে পৌঁছে দিতে হলে একমাত্র সহায় রবীন্দ্রনাথ। আমাদের প্রতি-দিনকার কাজে, প্রতিক্ষণের ভাবনায় গীতা-উপনিষদের মতো তাঁর অমৃতময় বাণীর পুণ্য-স্পর্শ চাই, আর এ কাজ যত কঠিনই হোক, করতে হবে আমাদেরই।

## জাতীয় সড়ক অবরোধ

রঘুনাথগঞ্জ: অন্যান্য জায়গার মতো এখানেও আজ ১০ মে সকালে উমরপুর ক্রসিং-এর কাছে সি পি আই লোকাল কমিটি ৩৪নং জাতীয় সড়ক অবরোধ করেন। তাঁদের দাবী—জঙ্গিপুর হাসপাতালে ই, এন, টি বিভাগ চালু, রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয়ে উচ্চ মাধ্যমিক ক্লাস চালু করা, জঙ্গিপুর পুরসভার ট্যাপ কল দিয়ে জল সরবরাহের ব্যবস্থা. এপার ওপারের জন্য ভাগীরথীর বুকে ব্রীজ নির্মাণ প্রভৃতি। পুলিশ জানায় মাত্র দশ মিনিট অবরোধ চালু থাকে।

## চারণ কবি শ্রীচরণ মণ্ডল পুরস্কৃত

নিজস্ব সংবাদদাতা: রঘুনাথগঞ্জ থানার তালাই গ্রামের কবিয়াল শ্রীচরণ মণ্ডল চারণ কবি সম্মেলনে পুরস্কৃত হন। খবরে প্রকাশ, এই জেলার রাণীনগর থানার চাতরা ফিজিক্যালি হ্যাণ্ডিক্যাপড এণ্ড সোস্যাল ওয়েলফেয়ার ইনসটিটিউটের পরিচালনায় গত ২৮, ২৯ এপ্রিল চারণ কবি সম্মেলন উদযাপিত হয়। এই সভায় ৪২ জন কবিয়াল যোগদান করেন। কমিটির পক্ষ থেকে তাঁদের প্রত্যেককে অর্থ ও প্রশংসাপত্র দেওয়া হয়। শ্রীচরণ মণ্ডল তাঁর পুরস্কারের সমস্ত অর্থই প্রতিবন্ধীদের উন্নতিকল্পে উক্ত সংস্থাকে দান করেন। কমিটির কর্মকর্তাগণ এই দান গ্রহণ করে তাঁকে উচ্ছ্বসিত প্রশংসা করেন।

## আর এস এসের শিক্ষা শিবির

ফরাক্কা: গত ২০ এপ্রিল থেকে ৩০ এপ্রিল ফরাক্কায় আর এস এসের শিক্ষা শিবির অনুষ্ঠিত হয়। ২৩ এপ্রিল প্রকাশ্য সভায় বহু তরুণ ও পার্শ্ববর্তী গ্রামের উৎসুক গ্রাম-বাসী যোগদান করেন। এই শিক্ষা শিবিরে অংশ গ্রহণ করেন ১২৫ জন শিক্ষার্থী। আর এস এসের পক্ষ থেকে এই শিবির পরিচালনা করা হয়।

## সংসদের প্রশ্নোত্তরে জঙ্গিপুরের এম পি

রঘুনাথগঞ্জ ঃ সংসদের চলতি অধিবেশনে জঙ্গিপুরের সি পি এম সাংসদ জয়নাল আবেদিন মহকুমার তারাপুরে ও সাজুর মোড়ে বিড়ি শ্রমিকদের জন্য টি বি হসপাতাল নির্মাণ বিষয়ে কাজের অগ্রগতি কতদূর হলো তা জানতে চান শ্রমমন্ত্রীর কাছে। উত্তরে শ্রমমন্ত্রী জানান, উপরোক্ত দুটি হাসপাতালের নির্মাণ বিষয়ে সরকার চিন্তা ভাবনা করছেন। সাজুর মোড়ে হাসপাতালের জন্য জায়গা অধিগ্রহণের বিষয়ে রাজ্য সরকারের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, গনি খাঁন চৌধুরী রাজনৈতিক চমক সৃষ্টির উদ্দেশ্যে তারাপুরের হাসপাতাল তৈরী বিষয়টিকে চাপা দিয়ে জোড় করে সাজুর মোড়ে ভিত্তি প্রস্তর স্থাপন করেন। সেই ভিত্তি প্রস্তরটি এখন ধীরে ধীরে কাত হয়ে মাটিতে মিশে যেতে চলেছে। সাংসদ আবেদিন যোগাযোগ দপ্তরের মন্ত্রীর কাছে জানতে চান বহরমপুর ও রঘুনাথগঞ্জের টেলি-ফোন ব্যবস্থাকে করতে উন্নত করার পরিকল্পনা কবে নাগাদ চালু হবে। যোগাযোগ মন্ত্রী জানান ১৯৯০-৯১ সালের মধ্যে বহরমপুর উন্নীতকরণ হবে এবং অষ্টম পরিকল্পনাকালের মধ্যে রঘুনাথগঞ্জে এক্সচেঞ্জকে ইলেকট্রনিক এক্সচেঞ্জ পরিণত করা হবে। শ্রীআবেদিন শক্তিমন্ত্রীর কাছে সাগরদীঘি তাপবিদ্যুৎ কেন্দ্রের প্রস্তাবটির কতদূর কি হলো জানতে চান। শক্তিমন্ত্রী জানান যে ২১০ এম ডব্লু করে ৫টি ও ৫০০ এম ডব্লু করে ২টি ইউনিট স্থাপনের জন্য ২০৭৮ কোটি টাকার প্রস্তাব সেনট্রাল ইলেকট্রিসিটি বোর্ড এর হাতে এসেছে। প্রস্তাবটি খতিয়ে দেখা হচ্ছে। কয়লা, জল সরবরাহ এবং পরিবেশ ও অসামরিক যোগাযোগ এর বিষয়ে অনুমোদন আবশ্যক। রাজ্য সরকারকে যথাযথভাবে সেগুলি জানাতে বলা হয়েছে। কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রীর কাছে শ্রীআবেদিন ফরাক্কা ব্লকের বাহাদুরপুর গ্রাম পঞ্চায়েতের অধীন বাগডাবরা গ্রামে একটি একটি ব্রাঞ্চ পোষ্ট অফিস খোলার দাবী জানান। মন্ত্রী জানান উক্ত দাবী অনুমোদন করা হয়েছে এবং যথা-শীঘ্র সংশ্লিষ্ট মহলে চিঠি পাঠানো হবে।

## গণতান্ত্রিক যুব ফেডারেশনের সম্মেলন

রঘুনাথগঞ্জ ঃ গত ৩০ এপ্রিল স্থানীয় হাই স্কুলে ভারতের গণতান্ত্রিক যুব ফেডারেশনের আঞ্চলিক কমিটির সপ্তম সম্মেলন অনুষ্ঠিত হয়। সকাল ৮টায় পতাকা উত্তোলন করেন জেলা কমিটির সদস্য ও আঞ্চলিক কমিটির সম্পাদক উদয় ঘোষ। সম্মেলনে জেলা সম্পাদক শ্যাম দে সহ মোট ৯৮ জন প্রতি-নিধি উপস্থিত ছিলেন। সি পি এম, সিটু, এস এফ আই প্রভৃতি ভ্রাতৃপ্রতিম সংগঠনের প্রতিনিধিরা সভায় যোগ দেন ও বক্তব্য রাখেন। ৩১ জনকে নিয়ে সর্বসম্মতিক্রমে একটি কমিটি গঠিত হয়। সভাপতি তারাপদ রক্ষক, সম্পাদক উদয় ঘোষ পুনঃ নির্বাচিত হন। রাত্রে এস ডি ও অফিস রিক্রিয়েশন ক্লাব মঞ্চে সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। তবে লোড শেডিং এর জন্য জনসমাগম আশানুরূপ হয়নি।

## প্রভু জগদ্বন্ধুর আবির্ভাব উৎসব

ডাহাপাড়া ঃ শ্রীধাম সূত্রে জানা যায়, মহাবতারী শ্রীশ্রীপ্রভু জগদ্বন্ধুসুন্দরের শুভ আবির্ভাব তিথি উপলক্ষে শ্রীধাম ডাহাপাড়ায় ১৪ মে থেকে ২০ মে পর্যন্ত ৫৬ প্রহর শ্রীশ্রীহরিনাম কীর্ত্তন যজ্ঞ অনুষ্ঠিত হবে। উৎসবে ভিক্ষাদি পাঠাবার ঠিকানা—হরিদাস দাস, সেবাইত শ্রীশ্রীজগদ্বন্ধু ধাম, পোঃ ডাহাপাড়া (মুর্শিদাবাদ) পিন ৭৪২১৪০।

## হেরোইন আটক

অরঙ্গাবাদ ঃ গত ৬ মে স্থানীয় বিড়ির পাতা ও তামাক ব্যবসায়ী কসিমুদ্দিন বিশ্বাসের দোকান তল্লাসী করে সুতী থানার ওসি ১০০ গ্রাম হেরোইন উদ্ধার করেন। এর আনু-মানিক দাম ১২ হাজার টাকা। পুলিশ কসিমুদ্দিন ও তার ভাইকে গ্রেপ্তার করে। জঙ্গিপুর মহকুমায় হেরোইন উদ্ধারের ঘটনা এই প্রথম বলে পুলিশের জনৈক মুখপাত্র জানান।


## জায়গা বিক্রি

উমরপুর ও মঙ্গলজনের মাঝামাঝি ৩৪নং জাতীয় সড়কের উপর ফরাক্কা যেতে ডান দিকে ২১½ শতক জায়গা বিক্রি আছে। যোগাযোগের ঠিকানা—

ভূপতিভূষণ সাহা
পোঃ আহিরণ (মুর্শিদাবাদ)



## মে দিবসের আহ্বান

যুদ্ধের বিরুদ্ধে শান্তির সপক্ষে গণতন্ত্র, ট্রেড ইউনিয়ন ও অর্জিত অধিকার রক্ষার সংগ্রামে, স্বৈরতন্ত্র, বিচ্ছিন্নতাবাদ ও সাম্প্রদায়িকতার প্রতিরোধে, শ্রমিক কর্মচারী ও মেহনতী মানুষের দৃঢ় ঐক্য গড়ে তুলুন।

পশ্চিমবঙ্গ সরকার

জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তর, মুর্শিদাবাদ।



## পঁচিশে বৈশাখ

"......দেশের যে অতি ক্ষুদ্র অংশে বুদ্ধি বিদ্যা ধন মান, সেই শতকরা পাঁচ পরিমাণ লোকের সঙ্গে পঁচানব্বই পরিমাণ লোকের ব্যবধান মহাসমুদ্রের ব্যবধানের চেয়ে বেশি। আমরা এক দেশে আছি, আমাদের এক দেশ নয়"।

(পল্লীসেবা পল্লীপ্রকৃতি)

রবীন্দ্রনাথ ঠাকুর

পশ্চিমবঙ্গ সরকার

জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তর, মুর্শিদাবাদ।

## জোটের বিরুদ্ধে সোচ্চার

( ১ম পৃষ্ঠার পর )

সি পি এমের পার্টি অফিস এবং দলীয় স্বার্থে পরিচালিত। সি পি এমের চিত্ত সরকার ও তামিজ পণ্ডিত সাত দল জোটে বি জে পি ও মুসলীম লীগের মত সাম্প্রদায়িক দলের যোগদানকে তীব্র ভাবায় গালিগালাজ করলেও তাঁরা নিজেরা মুসলীম ও হিন্দু সমাজ-বিরোধীদের সঙ্গে হাত মিলিয়ে দুর্নীতি চালাতে দ্বিধা করছেন না। সাত পার্টি জোট ছাড়াও সাধারণ মানুষ সি পি এমের স্থানীয় নেতাদের বিরুদ্ধে সোচ্চার। সি পি এমও বসে নেই। প্রচারের মাধ্যমে জোটের দলগুলির নেতাদের চরিত্র হননে মেতেছেন। তাঁরা আর এস পির বিরুদ্ধে প্রচার চালাচ্ছেন যে অরঙ্গাবাদে আর এস পি নেতা প্রদীপ নন্দী আনন্দমার্গীদের সাথে যোগ দিয়েছেন। তাঁর বাড়ীতেই আনন্দমার্গীদের স্কুল ও অন্যান্য কাজ পরিচালিত হচ্ছে।

## গ্রামে বোমাবাজী, লুঠতরাজ

( ১ম পৃষ্ঠার পর )

চালানকারীদের পাণ্ডা মহসীন বিশ্বাস কংগ্রেস সমর্থক সেইহেতু স্থানীয় সি পি এম দল মহসীন গ্রুপের প্রতিদ্বন্দ্বী হয়ে দাঁড়িয়েছেন। মহসীনের আধিপত্য খর্ব হওয়ায় বাংলাদেশের চোরাচালান-কারীরা এই ঘাট দিয়ে মাল পাঠাতে ভরসা পাচ্ছে না। ফলে ঘাটের দখলকে কেন্দ্র করে এই সংঘর্ষ চলছে। মুখ-পাত্রটি আরোও জানান, এই ঘাট বন্ধ থাকায় ওপারে গরু পাচারও বর্তমানে অনেক কমে গেছে।

## কাজে অশান্তি

( ১ম পৃষ্ঠার পর )

তৈরী করে ঠিকাদারদের চাপ দিয়ে 'কমিশন' প্রথায় বিনা পরিশ্রমে বেশ 'কামাচ্ছেন' বলে কিছু মানুষ ক্ষোভ প্রকাশ করলেন। এই গ্রুপে কংগ্রেস এবং সি পি এমের সমান সংখ্যক প্রতিনিধির গাঁটছড়া লক্ষ্য করবার বিষয়। আরও জানা যায়, ঠিকাদাররা ২নং পঞ্চায়েত সমিতির সভাপতি ও স্থানীয় সি পি এম নেতা মহঃ গিয়াসুদ্দিনের কাছে সাহায্য চাইলে তিনি সব রকমের সাহায্য করার প্রতিশ্রুতি দেন এবং বর্ষার আগে কাজ শেষ করার জন্য অনুরোধ জানান।


ফ্রি সেলে নন লেভি এ সি সি সিমেন্ট রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরে আমরা সরবরাহ করে থাকি

কোম্পানীর অনুমোদিত ডিলার

ইউনাইটেড ট্রেডিং কোং

প্রোঃ রতনলাল জৈন

পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ফোন জঙ্গিঃ ২৫, রঘুঃ ১৬৬


## দিন দুপুরে লুঠতরাজ প্রশাসন চুপ !

জঙ্গিপুর : গত ২৫ এপ্রিল সকাল ৮টা নাগাদ রঘুনাথগঞ্জ ২নং ব্লকের লক্ষ্মীজোলা অঞ্চলের গঙ্গাপ্রসাদ গ্রামে একদল দুষ্কৃতকারী ৪টি বাড়ী ও ১টি মুদিখানার দোকান লুঠ করে বলে খবর। বাড়ীর মহিলাদের কান গলা ও গা থেকে জোর করে গয়না খুলে নেওয়া হয়। এবং ৪ জোড়া গরু মোষ খুলে নিয়ে যায় উক্ত সমাজ-বিরোধীরা। সমাজবিরোধীদের মধ্যে ঐ গ্রামের আবদুল রাজ্জাক, সোনার্দী, সালাম, ইউনুস ও লালচাঁদকে গ্রামবাসীরা চিনতে পারেন বলে অভিযোগ করেন। কংগ্রেস সেবাদল থেকে রঘুনাথগঞ্জ থানায় জানানো হয়েছে বলে খবর পাওয়া যায়। কিন্তু সংবাদ বার হওয়া পর্যন্ত কোন গ্রেপ্তারের খবর পাওয়া যায়নি।

## বালকের মৃত্যু

( ১ম পৃষ্ঠার পর )

রাস্তার অপর পারের দুর্গা মন্দির থেকে বে-আইনীভাবে বিদ্যুৎ লাইন টানা হয়েছে। দুর্গা মন্দিরের পরিচালকবৃন্দ এ সবই জানেন। সাগরদীঘি ইলেকট্রিক সাপ্লাইয়েরও এ তথ্য অজানা নয়। ষ্টেশন প্লাটফরমের রেলিং-এর উপর দিয়ে দোকান ঘরে তার টেনে নিয়ে যাওয়া হয়েছে। এর মধ্যে কোন তার লিকেজ হয়ে রেলিংগুলি বিদ্যুৎ-বাহী হয়ে পড়ে। ফলে এই দুর্ঘটনা ঘটে। বিক্ষুব্ধ জনসাধারণের অভিযোগ রেল বিভাগ ও বিদ্যুৎ বিভাগের গাফিলতিতেই একটি প্রাণ চলে গেল।


## ভর্তি চলিতেছে

রঘুনাথগঞ্জ মডেল স্কুলে ১৯৮৯-৯০ সালের শিক্ষা বর্ষে ৩ হইতে ৬ বৎসরের শিশুদের ভর্তি শুরু হইয়াছে ১লা মে হইতে। যোগাযোগ করুন—সকাল ৮-০০ হইতে ১০-০০ পর্য্যন্ত।

রঘুনাথগঞ্জ মডেল স্কুল

(ইংলিশ মিডিয়াম)

ভাগীরথী ফ্রি প্রাইমারী বিদ্যালয়

ফাঁসিতলা (সরাইখানা)

রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ


## স্বাস্থ্য কর্মীরা কাজ করছেন না

জঙ্গিপুর : তেঘরী স্বাস্থ্যকেন্দ্রের কর্মীরা গ্রামে গ্রামে ঘুরছেন খালি হাতে। গ্রামবাসীদের অভিযোগ, কম্যুনিটি হেলথ গাইডরা গ্রামে আসেন খুব কম সময়েই। আবার যখন আসেন তখন ওষুধের সাহায্যও প্রায় পাওয়া যায় না। তাঁদের কাছে কারণ জানতে চাইলে বলা হয়, সরকারী সরবরাহ একেবারেই নাই। ব্লক মেডিক্যাল অফিসার সম্বন্ধে গ্রামবাসীদের অভিযোগ, তিনি ব্লকের গ্রামগুলিই চেনেন না, গ্রামে ঘোরা তো দূরের কথা।

## হাসমীর পথনাটিকা

রঘুনাথগঞ্জ : গত ৫ মে ভারতীয় গণনাট্য সংঘ মুর্শিদাবাদ জেলার ষষ্ঠ সম্মেলন এবং আগামী রাজ্য সম্মেলনের প্রচার উপলক্ষ্যে রঘুনাথগঞ্জ, জঙ্গিপুর এবং তেঘরীতে পথের মোড়ে মোড়ে সফদার হাসমীর হত্যারে, মেসিন ও হল্লাবোল পথনাটিকা প্রদর্শিত হয়। অংশগ্রহণ করেন ভারতীয় গণনাট্য সংঘ বহরমপুর শাখা, কো-অর্ডিনেশন কমিটি, বহরমপুর ঋত্বিক নাট্য সংস্থা এবং গণনাট্য সংঘ জঙ্গিপুরের শিল্পীবৃন্দ।


কিস্তিতে মোটর বাইক/স্কুটার/টিভি/বাস/লরী কিনবেন ? বাড়ী করার জন্য লোন চান ? বাস্তু জমি বা পুরানো বাস, লরী, মোটর সাইকেল, টিভি প্রভৃতি কেনাবেচা করতে চান ? সত্বর যোগাযোগ করুন।

দিলসন্স্ মিউচুয়ালাইজার

DILSONS MUTUALISER

শ্মশানঘাট রোড, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ ৭৪২২২৫

বিঃ দ্রঃ সাগরদীঘি শাখা অফিস খোলার জন্য বেতন ও কমিশনে কর্মী চাই

যৌতুকে VIP

সকল অনুষ্ঠানে VIP

ভ্রমণের সাথী VIP

এর জুড়ি কি আর আছে !

সংগ্রহ করতে চলে আসুন দুলুর দোকানের

VIP সেন্টারে

এজেন্ট

প্রভাত ষ্টোর (দুলুর দোকান)

রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

বসন্ত মালতী

রূপ প্রসাধনে অপরিহার্য

সি, কে, সেন এ্যাণ্ড কোং

লিমিটেড

কলকাতা ॥ নিউ দিল্লী

সুযোগ নিন। এখন থেকে ঘরে বসেই আপনার দেয় করের ( Tax ) রিটার্ণ, আইনানুগ হিসাব (Accounts) সংরক্ষণ এমন কি অডিট করিয়ে নিন।

যোগাযোগ—

শঙ্খনাথ চ্যাটার্জী

প্রযত্নে বিশ্বপতি চ্যাটার্জী

পাকুড়তলা ॥ রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ


রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত